

💵 সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩১৮৬

১৫/ किञातून जानाया (کتاب الجنائز)

পরিচ্ছেদঃ ২৩৯. মৃত ব্যাক্তির জন্য দু'আ করা।

باب الدُّعَاءِ لِلْمَيِّتِ

আরবী

حَدَّثَنَا أَبُو مَعْمَرٍ عَبْدُ اللَّهِ بْنُ عَمْرٍو، حَدَّثَنَا عَبْدُ الْوَارِثِ، حَدَّثَنَا أَبُو الْجُلاَسِ، عُقْبَةُ بْنُ سَيَّارٍ حَدَّثَنِي عَلِيُّ بْنُ شَمَّاخٍ، قَالَ شَهِدْتُ مَرْوَانَ سَأَلَ أَبَا هُرَيْرَةَ كَيْفَ سَمِعْتَ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم يُصلِّي عَلَى الْجَنَازَةِ قَالَ أَمْعَ الَّذِي قُلْتَ قَالَ نَعَمْ. قَالَ كَلاَمُ كَانَ بَيْنَهُمَا قَبْلَ ذَلِكَ . قَالَ أَبُو هُرَيْرَةَ " اللَّهُمَّ أَنْتَ رَبُّهَا وَأَنْتَ خَلَقْتَهَا وَأَنْتَ هَدَيْتَهَا لِلإِسْلاَمِ وَأَنْتَ خَلَقْتَهَا وَأَنْتَ هُولْ لَهُ " . للإِسْلاَمِ وَأَنْتَ قَبَضْتَ رُوحَهَا وَأَنْتَ أَعْلَمُ بِسِرِّهَا وَعَلاَنِيَتِهَا جِنْنَاكَ شُفْعَاءَ فَاغْفِرْ لَهُ " .

বাংলা

৩১৮৬. আবূ মা'মার আবদুল্লাহ ইবন আমর (রহঃ) আলী ইবন শাম্মাখ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ একদা আমি মারওয়ানের নিকট উপস্থিত ছিলাম। সে সময় তিনি আবূ হুরায়রা (রাঃ)-কে জিজ্ঞাসা করেনঃ আপনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে মৃত ব্যক্তির জন্য কিরপে দু'আ করতে শুনেছেন? তিনি বলেনঃ আপনি কি আমাকে ঐ সম্পর্কে জিজ্ঞাসা করছেন, যা আপনি বলেছেন? মারওয়ান বলেনঃ হাাঁ।

রাবী বলেনঃ ইতিপূর্বে এ ব্যাপারে উভয়ের মাঝে কিছুটা বাদানুবাদ হয়। আবূ হুরায়রা (রাঃ) বলেনঃ তিনি (নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) এরূপ দু'আ করতেনঃ

اللَّهُمَّ أَنْتَ رَبُّهَا وَأَنْتَ خَلَقْتَهَا وَأَنْتَ هَدَيْتَهَا لِلإِسْلاَمِ وَأَنْتَ قَبَضْتَ رُوحَهَا وَأَنْتَ أَعْلَمُ بِسِرِّهَا وَعَلاَنِيَتِهَا جِئْنَاكَ شُفَعَاءَ فَاغْفِرْ لَهُ

অর্থাৎ ইয়া আল্লাহ্! আপনি এর রব। আপনি একে পয়দা করেছিলেন। আপনিই তাকে ইসলামের উপর হিদায়াত দিয়েছিলেন। এখন আপনি তার রুহ কবয করে নিয়েছেন এবং আপনি তার প্রকাশ্য ও অপ্রকাশ্য ব্যাপারে অধিক অবহিত। আমরা তার জন্য সুপারিশকারী হিসাবে এসেছি। আপনি তাকে ক্ষমা করুন।

English



Ali ibn Shammakh said:

I was present with Marwan who asked AbuHurayrah: Did you hear how the Messenger of Allah (ﷺ) used to pray over the dead? He said: Even with the words that you said. (The narrator said: They exchanged hot words between them before that.)

Abu Hurairah said: O Allah, Thou art its Lord. Thou didst create it, Thou didst guide it to Islam, Thou hast taken its spirit, and Thou knowest best its inner nature and outer aspect. We have come as intercessors, so forgive him.

Abu Dawud said: Shu'bah made a mistake in mentioning the name of 'Ali b. Shammakh. He said in his version: 'Uthman b. Shammas.

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

👲 হাদিস্বিডির প্রজেক্টে অনুদান দিন